দৈনিক ইত্তেফাক

MAY 07 2002

৪ ... ৬

# শিক্ষানুরাগী সদস্যদের যোগ্যতা প্রসঙ্গে

মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিতে শিক্ষানুরাগী সদস্যদের মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা বোর্ডের নিয়মানুযায়ী প্রধান শিক্ষক তাঁর ইচ্ছেমতো এলাকার একাধিক ব্যক্তির নাম প্রস্তাব আকারে বোর্ডের চেয়ারম্যান বরাবর প্রেরণ করবেন এবং তাঁদের ভেতর থেকে কর্তৃপক্ষ এক ব্যক্তিকে শিক্ষানুরাগী সদস্য পদে মনোনয়ন দেবেন। এ ক্ষেত্রে যাঁদের নাম প্রস্তাব করা হবে তাঁদের যোগ্যতা সম্পর্কে বলা হয়েছে যে, এলাকার যেকোনো অবসরপ্রাপ্ত কর্মচারী, বিশিষ্ট সমাজবেসী বা এ ধরনের যে কোন ব্যক্তি। কিন্তু এ নির্দেশে ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার কোনো উল্লেখ না থাকায় প্রায়শই অযোগ্য ব্যক্তিদের নাম প্রস্তাব করা হয়। আর কর্তৃপক্ষ তাঁদের উল্লিখিত ক্যাটাগরি সদস্য পদে মনোনীত করেন। কাজেই শিক্ষানুরাগী সদস্যপদের মতো গুরুত্বপূর্ণ একটি পদের জন্য শিক্ষাগত যোগ্যতার বিষয়টি বিশেষভাবে উল্লেখ থাকা প্রয়োজন। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ আবদুর রাজ্জাক ভুঁইয়া,**
নওগাঁ, নান্দাইল, ময়মনসিংহ